**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোতে ভিকটিম সার্ভিসকে সহায়তার জন্য 6.3 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ প্রদান সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***দুই বছর মেয়াদী এই অনুদান ব্রুকলিন, ম্যানহাটন ও আলবানি, এরি ও ওনোনডেগা কাউন্টির সাতটি কর্মসূচিকে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা বিরোধী কার্যক্রম সম্প্রসারণ করা এবং ভুক্তভোগী ও পরিবারগুলোর জন্য পরিষেবা বৃদ্ধি করার সুযোগ প্রদান করবে***

***নিউ ইয়র্ক স্টেটে জাতীয় ক্রাইম ভিকটিম অধিকার সপ্তাহ চলমান থাকার সময়ে এই ঘোষণা দেওয়া হলো***

***ভুক্তভোগীদের অধিকার ও ন্যায়বিচারের অ্যাক্সেস পাওয়ার গুরুত্বের প্রতি স্বীকৃতিস্বরূপ আজ রাতে স্টেটের বিখ্যাত স্থানগুলো নীল, সবুজ ও কমলা আলো দিয়ে আলোকিত করার নির্দেশ দিয়ে গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি***

গভর্নর ক্যাথি হোকল আজ ব্রুকলিন ও ম্যানহাটন ও আলবানি, এরি ও ওনোনডেগা কাউন্টির সাতটি কর্মসূচির জন্য 6.3 মিলিয়ন ডলারেরও বেশি ফেডারেল তহবিল বরাদ্দ করার ঘোষণা দিয়েছেন যা এসব কর্মসূচিকে তাদের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা বিরোধী কার্যক্রম সম্প্রসারণ করা এবং ভুক্তভোগী ও পরিবারগুলোর জন্য গুরুত্বপূর্ণ পরিষেবা বৃদ্ধি করার সুযোগ প্রদান করবে। নিউ ইয়র্ক স্টেটের অফিস অব ভিকটিম সার্ভিসেস (Office of Victim Services) দ্বারা পরিচালিত দুই বছর মেয়াদী এই অনুদান ভুক্তভোগী ও পরিবারগুলোর সঙ্গে সংযোগ রক্ষাকারী যোগাযোগ কর্মী, ক্রাইসিস রেসপন্ডার, লাইসেন্সপ্রাপ্ত সোশ্যাল ওয়ার্কার ও অন্যান্য কর্মীদের জন্য তহবিল সরবরাহ করার পাশাপাশি প্রশিক্ষণ, সরঞ্জাম এবং পোশাক, আবাসন ও পরিবহনের ব্যয় সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসগুলোর জন্য জরুরি তহবিল প্রদান করবে।

"আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা ও অন্যান্য অপরাধের ভুক্তভোগীদের জন্য যেকোনো সময় যেকোনো জায়গায় তাদের প্রয়োজনীয় সেবার অ্যাক্সেস পাওয়া নিশ্চিত করতে এর অঙ্গীকার পূরণে নিউ ইয়র্ক কখনো পিছপা হবে না," **বলেছেন গভর্নর হোকল।** "আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা মোকাবেলার পাশাপাশি একই সময়ে জাতি বা পটভূমি নির্বিশেষে সব নিউ ইয়র্কবাসীর প্রতি মর্যাদা ও সম্মানের সাথে আচরণ করা নিশ্চিত করতে আমরা একটি সমন্বিত কর্মপ্রক্রিয়া গ্রহণ করছি। এই তহবিল কর্মসূচিগুলোকে তাদের কার্যক্রমের পরিধি সম্প্রসারণ করতে এবং

ব্যক্তি ও পরিবারগুলোর অতি গুরুত্বপূর্ণ সাহায্য ও সহায়তা, যেমন দীর্ঘদিন ধরে কমিউনিটিতে সহিংসতার সংস্পর্শে আসার কারণে তৈরি হওয়া মানসিক আঘাত মোকাবেলার জন্য মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রদান করতে সুযোগ করে দিবে।"

গভর্নর হোকল অনুদান বরাদ্দ দেওয়ার ঘোষণা দিয়েছেন এবং নিউ ইয়র্ক স্টেটে এই সপ্তাহটিকে জাতীয় ক্রাইম ভিকটিম অধিকার সপ্তাহ (National Crime Victims' Rights Week) হিসেবে নির্ধারণ করে একটি ঘোষণাপত্র জারি করেছেন। এছাড়াও গভর্নর ভুক্তভোগীদের অধিকার ও ন্যায়বিচারের অ্যাক্সেস পাওয়ার গুরুত্বের প্রতি স্বীকৃতিস্বরূপ আজ 27 এপ্রিল রাতে স্টেটের নিম্নলিখিত বিখ্যাত স্থানগুলো নীল, সবুজ ও কমলা - এবছরের জাতীয় দিবস পালনের জন্য নির্ধারিত রঙসমূহ - আলোয় আলোকিত করার জন্য নির্দেশ দিয়েছেন:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ কার্ল ম্যাককল স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- এরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ

**অফিস অব ভিকটিম সার্ভিসেস-এর ডিরেক্টর এলিজাবেথ ক্রোনিন বলেন,** "এসব কর্মসূচিকে এবং কোভিড মহামারি শুরু হওয়ার পর থেকে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি পাওয়ার ফলে সংগ্রামে লিপ্ত কমিউনিটিগুলোতে তাদের কার্যক্রমে সহায়তা করতে পেরে OVS গর্বিত। তারা যে শুধু কোনো অপরাধের তাৎক্ষণিক ফলাফলের প্রতি সাড়া দিচ্ছে তাই নয়, বরং ব্যক্তি ও পরিবারগুলো মর্মান্তিক ঘটনার শিকার হওয়ার পরে জীবনের সাথে পুনরায় মানিয়ে নিতে এবং সামনে এগিয়ে যেতে সাহায্য করার জন্য দীর্ঘমেয়াদী সহায়তা ও পরিষেবাও প্রদান করছে।"

**স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এর কমিশনার রোজানা রোসেডো বলেন,** "আমরা কমিউনিটিগুলোর কাছ থেকে ক্রমাগতভাবে সুস্পষ্ট মতামত পাচ্ছি যে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিধ্বংসী প্রভাব মোকাবেলার জন্য আরো বেশি ভূমিকা রাখার প্রয়োজন রয়েছে। অপরাধের ভুক্তভোগীদের জন্য এই অতি গুরুত্বপূর্ণ তহবিলের অ্যাক্সেস ত্বরান্বিত করতে কমিউনিটি সংস্থাগুলোর সাথে নিবিড়ভাবে কাজ করার জন্য অফিস অব ভিকটিম সার্ভিসেস এর আমার সহকর্মীদের আমি সাধুবাদ জানাই। এসব অনুদান আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর কাছে সেবা পৌঁছাতে

সাহায্য করবে, কমিউনিটিগুলোর জন্য গুরুত্বপূর্ণ সংস্থান সরবরাহ করবে, এবং মাঠপর্যায়ে DCJS-এর সহায়তা লাভ করা SNUG স্ট্রিট আউটরিচ (SNUG Street Outreach) সহ অন্যান্য কর্মসূচির পরিপূরক হিসেবে কাজ করবে। আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ ও হ্রাসের জন্য তার অব্যাহত নেতৃত্ব এবং সম্প্রতি প্রণীত বাজেটে উল্লেখযোগ্য পরিমাণে সংস্থান অর্জনের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**সিনেটর চাক স্কুমার বলেন,** "আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা হ্রাস করার অন্যতম সেরা উপায় হলো সহিংসতা প্রতিরোধ করা এবং বিপজ্জনক পরিস্থিতি প্রশমন করার ব্যাপারে সংশ্লিষ্টতা রয়েছে এমন স্থানীয় সংগঠক ও গ্রুপগুলোর জন্য সংস্থান সরবরাহ বৃদ্ধি করা। তরুণ প্রজন্মের সামনে একটি উন্নত ভবিষ্যতের সুযোগ-সুবিধা বিদ্যমান থাকার বিষয়টি তুলে ধরার মাধ্যমে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ঘটনা ঘটার আগেই সেটা প্রতিরোধ করতে সাহায্য করার জন্য বাফেলো থেকে ব্রুকলিন পর্যন্ত কমিউনিটি সহিংসতায় হস্তক্ষেপ (Community Violence Intervention) কর্মসূচিগুলোর জন্য 6 মিলিয়ন ডলারেরও বেশি ফেডারেল তহবিল পৌঁছে দিতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্ক দীর্ঘ সময় ধরে CVI-এর ক্ষেত্রে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে, এবং এসব কর্মসূচি বার বার সেগুলো ব্যাপকভাবে কার্যকর হওয়ার প্রমাণ দিচ্ছে, আর একারণে আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখতে আমি এসব জীবন রক্ষাকারী কর্মসূচির জন্য তহবিল প্রদান জোরদার করতে লড়াই চালিয়ে যাবো।"

**সিনেটর ক্রিস্টেন গিলিব্র্যান্ড বলেন,** "গত কয়েক বছরে আমরা আমাদের দেশে ও স্টেটজুড়ে সহিংস অপরাধের ঘটনার অপ্রীতিকর বৃদ্ধি প্রত্যক্ষ করেছি। আমাদের অবশ্যই আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ের জন্য এবং ভুক্তভোগীদের ও তাদের পরিবারগুলোকে সহায়তা করার জন্য আরো বেশি তৎপর হতে হবে এবং এটি সঠিক দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অপরাধের বিরুদ্ধে লড়াই করতে এবং আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখতে আমি গভর্নর হোকলের সাথে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**রিপ্রেজেন্টেটিভ হাকিম জেফ্রিস বলেন,** "আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা আমাদের সবার জন্য হুমকি ও ক্ষতির কারণ, বিশেষ করে আমাদের শিশুদের জন্য। এই মর্মান্তিক ব্যাধি নির্মূল করতে, আমাদের সড়কগুলো অধিকতর নিরাপদ করে তুলতে এবং ব্যক্তিগত ও সামষ্টিক ট্রমার দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটির সদস্যদের সহায়তা করতে সবার অংশগ্রহণ রয়েছে এমন প্রচেষ্টার প্রয়োজন হবে। আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা বিরোধী কর্মসূচি সম্প্রসারণ করা এবং ভুক্তভোগী ও পরিবারগুলোর জন্য অতি প্রয়োজনীয় সহায়তা ও পরিষেবা প্রদানের জন্য এখানে ব্রুকলিনে এলিট লার্নার্স (Elite Learners)-এর জন্য 1.5 মিলিয়ন ডলার এবং কিংস এগেইনস্ট ভায়োলেন্স ইনিশিয়েটিভ (Kings Against Violence Initiative)-এর জন্য 980,000 ডলার সহ 6.3 মিলিয়ন ডলার
বরাদ্দ প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**স্টেট সিনেটর যেলনর মায়েরি বলেন,** "আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা একটি জটিল সমস্যা যার একটি সমন্বিত সমাধান প্রয়োজন। আমি সাবেক অ্যাসেম্বলি সদস্য এবং বর্তমানে ব্রুকলিন বরোর ডেপুটি প্রেসিডেন্ট ডিয়ানা রিচার্ডসনের সাথে কমিউনিটিতে সহিংসতায় হস্তক্ষেপ

আইনের প্রতি সমর্থন দিয়েছি কারণ সহিংসতায় হস্তক্ষেপকারী গ্রুপগুলোর শুরু হওয়ার আগেই সহিংসতার চক্র বন্ধ করার এবং ভুক্তভোগী, বেঁচে ফিরে আসা ব্যক্তি এবং কমিউনিটিগুলোর সবচেয়ে তাৎক্ষণিক প্রয়োজন পূরণ করার প্রমাণিত রেকর্ড রয়েছে। আমার ডিস্ট্রিক্টের গ্রুপগুলোর জন্য এই প্রয়োজনীয় তহবিলের জন্য আবেদন করা ও তহবিল পাওয়া সহজতর করায় আমি গভর্নর হোকল ও OVS-এর প্রতি কৃতজ্ঞ, যা এসব গ্রুপকে আরো বেশি মানুষকে সেবা প্রদান করতে এবং ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে সাহায্য করবে। মাঠপর্যায়ে এই অতি গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যাওয়া গ্রুপগুলোর জন্য VOCA তহবিল সহজে পাওয়া যাওয়ার বিষয়টি নিশ্চিত করার উপায় খোঁজা অব্যাহত রাখতে আমি OVS-কে উৎসাহিত করছি।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল সি. সোলাগেস বলেন,** "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্ব এবং কৃষ্ণাঙ্গ, পুয়ের্তো রিকান, হিস্প্যানিক, এশীয় লেজিসলেটিভ ককাসের অধীনে নিউ ইয়র্ক আমাদের আশেপাশের এলাকাগুলোতে সহিংসতা বৃদ্ধি মোকাবেলার জন্য মানসিক আঘাত সম্পর্কে অবহিত কর্মপদ্ধতি ব্যবহার করাকে অগ্রাধিকার দিয়েছে। যেখানে ও যখন সহিংসতা ঘটুক না কেন প্রতিরোধমূলক নীতিমালা আমাদেরকে অবৈধ আগ্নেয়াস্ত্রের অ্যাক্সেস কমাতে এবং অধিবাসীদের সার্বিক নিরাপত্তা বৃদ্ধি করতে সক্ষম করে তুলবে। কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোতে অব্যাহত বিনিয়োগ নিশ্চিত করার বিষয়টি সহিংসতার মূল কারণ মোকাবেলা করতে, স্বাস্থ্য সংক্রান্ত ফলাফল উন্নত করতে, এবং প্রান্তিক কমিউনিটিগুলোতে ক্ষতির চক্র ভেঙ্গে দিতে সাহায্য করবে।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতায় ইন্ধন যোগানো বহু উৎস রয়েছে এবং আমাদের অবশ্যই সেগুলোর সবকটিকে প্রতিরোধ করতে হবে। NYPD শুধু এবছরেই ইতোমধ্যে আমাদের সড়কগুলো থেকে 2,300 আগ্নেয়াস্ত্র সরিয়ে নিয়েছে, কিন্তু কেবল একটি আগ্নেয়াস্ত্রও নিউ ইয়র্কবাসীদের জন্য উল্লেখযোগ্য বেদনার কারণ হতে পারে এবং প্রতিদিন আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার নতুন ভুক্তভোগী তৈরি করতে পারে। গভর্নর হোকল এবং স্থানীয়, স্টেট ও ফেডারেল পর্যায়ের আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সাথে অংশীদার হয়ে একসঙ্গে আমরা আমাদের সিটিতে অবৈধ আগ্নেয়াস্ত্রের প্রবাহ বন্ধ করতে কাজ করছি, এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার শিকার হওয়া ভুক্তভোগীদের জন্য সহায়তা পরিষেবা প্রদানের জন্য বিনিয়োগ করছি। আজকের এই অনুদান বরাদ্দ দেওয়ার ঘোষণা এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ভুক্তভোগীদের সহায়তা করতে প্রয়োজনীয় সংস্থানগুলি নিবেদন করতে তার ইচ্ছার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

**আলবানির মেয়র ক্যাথি শিহান বলেন,** "SNUG এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধী অন্যান্য প্রমাণিত কর্মসূচির প্রতি গভর্নর হোকলের অব্যাহত সমর্থন 2021 সালে গোলাগুলির ঘটনা 30% এরও বেশি কমিয়ে আনতে সাহায্য করেছে। আমাদের অধিবাসীদের নিরাপদ রাখার জন্য ন্যায়বিচার ও জন নিরাপত্তা একসঙ্গে কাজ করতে পারে এবং এটাই করতে হবে তা আরো একবার দেখিয়ে দেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

**বাফেলো মেয়র বায়রন ব্রাউন বলেন,** "ECMC-এর SNUG কর্মসূচির বৃহৎ কার্যক্রমে সহায়তা করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই যে কর্মসূচি আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রত্যক্ষ করেছেন অথবা ভুক্তভোগী হয়েছেন এমন ব্যক্তিদের মানসিক আঘাত সম্পর্কে অবহিত

কর্মপ্রক্রিয়া কার্যকরভাবে অনুসরণের ট্র্যাক রেকর্ড প্রদর্শন করেছে। তাদের কার্যক্রম জনসাধারণের জীবন নষ্ট করে দেওয়া এবং আশেপাশের এলাকাগুলো ধ্বংস করে দেওয়া সহিংসতার চক্র ভেঙ্গে দিতে সাহায্য করেছে। এসব সহিংসতা প্রতিরোধী প্রচেষ্টা ও পুনরুদ্ধারমূলক রীতিনীতি আমাদের সিটির সমন্বিত কর্মকৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ, যেখানে দেশ জুড়ে সিটিগুলোতে প্রভাবিত করা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনতে কার্যকর আইন প্রয়োগ ও কর্মসংস্থান সৃষ্টির সুযোগও অন্তর্ভুক্ত রাখা হয়েছে।"

**সিরাকিউসের মেয়র বেন ওয়ালশ বলেন,** "গভর্নর হোকলের টিম স্টেটের বাজেট তৈরি শুরু করার সময় আমি যেসব গুরুত্বপূর্ণ অগ্রাধিকার শেয়ার করেছিলাম সেগুলোর মধ্যে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমানোর জন্য সংস্থান বৃদ্ধি করা অন্যতম। আমরা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কর্মসূচি সম্প্রসারণের জন্য এবং ভুক্তভোগী ও তাদের পরিবারকে সহায়তা করার জন্য একধিক বছর মেয়াদী তহবিল চেয়েছিলাম। সিরাকিউস ও ওনোনডেগা কাউন্টির সামনের সারিতে থাকা সংস্থাগুলোর জন্য বরাদ্দ করা এই দুই বছর মেয়াদী অনুদান প্রমাণ করে যে গভর্নর আমাদের কথায় কর্ণপাত করেছেন ও সাড়া দিয়েছেন। আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার সমস্যা থেকে উত্তরণের জন্য এবং আমাদের শিশুদের সহায়তা করার জন্য আমাদের সম্ভাব্য প্রতিটি সংস্থানের প্রয়োজন এবং সিরাকিউসের জন্য গভর্নর হোকলের সাহায্যের জন্য আমি কৃতজ্ঞ।"

কমিউনিটিতে সহিংসতায় হস্তক্ষেপ আইন প্রতি বছর আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোতে সেবা প্রদানকারী কর্মসূচিগুলোর জন্য স্টেটের অপরাধের ভুক্তভোগী আইন (Victims of Crime Act) তহবিলের একটি অংশ বরাদ করে থাকে। এই বিনিয়োগ স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর সাথে অফিস অব ভিকটিম সার্ভিসেস-এর অংশীদারিত্বকে এগিয়ে নেয়, যে বিনিয়োগ 12টি স্টেট-সমর্থিত SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচির সোশ্যাল ওয়ার্কার ও কেস ম্যানেজারদের জন্য তহবিল প্রদান অব্যাহত রাখে। SNUG কর্মসূচি আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার উৎস শনাক্ত করা, এর বিস্তার প্রতিহত করা, কমিউনিটিগুলোকে সম্পৃক্ত করা এবং পরিষেবা ও সহায়তার সাথে ব্যক্তির সংযোগ ঘটানোর মাধ্যমে এর সমাধান করা, ইত্যাদি পদক্ষেপ গ্রহণের দ্বারা এটিকে একটি জনস্বাস্থ্য সংক্রান্ত সমস্যা হিসেবে বিবেচনা করে।

গভর্নর হোকলের নির্বাহী আদেশ 211 সম্প্রসারণ করা অফিস অব ভিকটিম সার্ভিসেসকে এটির আবেদন প্রক্রিয়া সহজতর করতে এবং তহবিল পেতে আগ্রহী কর্মসূচিগুলোর সাথে সরাসরি কাজ করার সুযোগ করে দেয়। নিম্নলিখিত সংস্থাগুলো দুই বছর সময়কালে 6.36 মিলিয়ন ডলারের অনুদান লাভ করবে:

- লিভিং রিডেম্পশন ইয়ুথ অপরচুনিটি হাব (Living Redemption Youth Opportunity Hub (ম্যানহাটন): 1.95 মিলিয়ন ডলার
- এলিট লার্নার্স (ব্রুকলিন): 1.5 মিলিয়ন ডলার
- কিংস এগেইনস্ট ভায়োলেন্স ইনিশিয়েটিভ (ব্রুকলিন): 980,000 ডলার
- ম্যাকমোহন রায়ান চাইল্ড অ্যাডভোকেসি সেন্টার (McMahon Ryan Child Advocacy Center) (ওনোনডেগা): 670,000 ডলার
- নিউ ইয়র্কার্স এগেইন্সট গান ভায়োলেন্স (New Yorkers Against Gun Violence) (ম্যানহাটন): 580,000 ডলার

- এরি কাউন্টি মেডিকেল সেন্টার (Erie County Medical Center) (এরি): 430,000 ডলার
- ট্রিনিটি অ্যালায়েন্স (Trinity Alliance) (আলবানি): 250,000 ডলার

অফিস অব ভিকটিম সার্ভিসেস কমিউনিটিতে সহিংসতায় হস্তক্ষেপ আইনের অধীনে তহবিল প্রাপ্ত অন্যান্য কর্মসূচির সাথে কাজ করা অব্যাহত রাখবে এবং সংস্থাটি অতিরিক্ত অনুদান প্রদানের জন্য কাজ করা অব্যাহত রেখেছে। লিভিং রিডেম্পশন ইয়ুথ অপরচুনিটি হাব, এলিট লার্নার্স, কিংস এগেইন্সট ভায়োলেন্স ইনিশিয়েটিভ, এবং নিউ ইয়র্কার্স এগেইনস্ট গান ভায়োলন্স প্রথম বারের মতো OVS অনুদান পেতে যাচ্ছে।

এই চারটি সংস্থা যোগ হওয়ার ফলে OVS এখন স্টেটব্যাপী 232টি ভুক্তভোগী সহায়তা কর্মসূচিতে অনুদান প্রদান করছে। এসব কর্মসূচি সংক্রান্ত তথ্য OVS রিসোর্স কানেক্ট এর মাধ্যমে পাওয়া যাচ্ছে, যা একটি ব্যবহারকারী-বান্ধব অনলাইন প্ল্যাটফর্ম যেখানে সুনির্দিষ্ট উদ্বেগের বিষয় বা প্রয়োজন দিয়ে অনুসন্ধান করে, অথবা জিপ কোড বা লোকেশন দিয়ে অনুসন্ধান করে সাহায্য খুঁজে নেওয়ার সুযোগ রয়েছে। 2021 সালের বসন্তে চালু হওয়ার পর থেকে OVS রিসোর্স কানেক্টের মাসিক গড় ব্যবহারকারী 1,000 ছাড়িয়ে গেছে।

ভুক্তভোগী সহায়তা কর্মসূচিগুলোর জন্য তহবিল প্রদানের মাধ্যমে অফিস অব ভিকটিম সার্ভিসেস ব্যক্তি এবং/অথবা তাদের পরিবারের সদস্যদের জন্য একটি গুরুত্বপূর্ণ আর্থিক নিরাপত্তা জাল সরবরাহ করছে, যা উপযুক্ত ব্যক্তিদের অন্যান্য সহায়তার পাশপাশি মেডিকেল ও কাউন্সেলিং ব্যয়, অন্ত্যেষ্টিক্রিয়া ও দাফনের খরচ, হারানো বেতন ও সহায়তা প্রদান করে সাহায্য করছে।

2021 সালে এপর্যন্ত OVS অপরাধের ভুক্তভোগী ও তাদের পরিবারের জন্য আর্থিক সহায়তা বাবদ 18 মিলিয়ন ডলারেরও বেশি প্রদান করেছে। নিউ ইয়র্ক হলো দেশের একমাত্র স্টেট যেখানে মেডিকেল বিল বা অর্থ পরিশোধের ক্ষেত্রে কোনো সীমা নির্ধারণ করা নেই, যার অর্থ হলো ব্যক্তিরা প্রয়োজন থাকলেই সহায়তা পেতে পারেন। অপরাধের ভুক্তভোগীদের ক্ষতিপূরণ প্রদানের জন্য স্টেট বা ফেডারেল আদালতে দোষী সাব্যস্ত হওয়া ব্যক্তিদের পরিশোধকৃত জরিমানা, ফি ও সারচার্জ নিয়ে গঠিত তহবিল থেকে অর্থ প্রদান করা হয়ে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418